গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জানুয়ারি, ২০২৬ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ আব্দুর রহমান তরফদার সচিব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ
তারিখ	:	০১-০৩-২০২৬
সময়	:	সকাল ১০:৩০ ঘটিকা
বিবেচ্য মাস	:	জানুয়ারি, ২০২৬
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সচিব মহোদয়ের প্রথম সমন্বয় সভা হওয়ায় সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাদের সংক্ষিপ্ত পরিচয় পর্ব অনুষ্ঠিত হয়। পরিচয় পর্বে কর্মকর্তাগণ পর্যায়ক্রমে তাঁদের নাম, পদবি ও দায়িত্ব সম্পর্কে সংক্ষেপে অবহিত করেন। অত:পর পরিচয় পর্ব সমাপ্তির পর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	**পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন** গত ২০ জানুয়ারি, ২০২৬ তারিখে অনুষ্ঠিত, ২০২৫ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। কার্যবিবরণীটি যথাযথভাবে লিখিত হয়েছে মর্মে সভায় উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।	গত ২০ জানুয়ারি, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।	সকল অনুবিভাগ প্রধান
২.২	**মন্ত্রণালয়ের শূন্যপদে জনবল নিয়োগ** যুগ্মসচিব (প্রশাসন) জানান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০৪ (চার) ক্যাটাগরিভুক্ত মোট ২৭ (সাতাশ)টি শূন্য পদ পূরণের লক্ষ্যে নিয়োগ প্রক্রিয়া সুষ্ঠু ও সার্থকভাবে সম্পন্ন করা হয়েছে। এ প্রেক্ষিতে নিয়োগ কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিয়োগের জন্য সুপারিশ প্রদান করা হয়েছে। সুপারিশকৃত প্রার্থীদের অনুকূলে শীঘ্রই নিয়োগপত্র জারি করা হবে। তিনি আরও জানান যে, বিদ্যমান শূন্য পদের সংখ্যার দ্বিগুণ প্রার্থী নিয়ে একটি অপেক্ষমান তালিকা প্রস্তুতপূর্বক সিলগালা করে সংরক্ষণ করা হয়েছে। কোনো সুপারিশকৃত প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে যোগদান না করলে, অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুযায়ী সংশ্লিষ্ট শূন্য পদ পূরণ করা হবে। শূন্য পদসমূহ নিম্নরূপ:	(ক) সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক স্বচ্ছতা এবং নিরপেক্ষতার সাথে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে; এবং (খ) নন-ক্যাডার ১ম ও ২য় শ্রেণির শূন্যপদে জনবল নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	১.অতিরিক্ত সচিব (প্রশাসন) ২.যুগ্মসচিব (প্রশাসন)

পদের নাম	গ্রেড	শূন্যপদের সংখ্যা
সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	১৩	০৯টি
কম্পিউটার অপারেটর	১৩	০৩টি
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৬	০১টি
অফিস সহায়ক	২০	১৪টি
সর্বমোট		২৭টি

(খ) নন-ক্যাডার ১ম শ্রেণির ৯ম গ্রেডভুক্ত লাইব্রেরিয়ান ০১টি, সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার ০১টি, ২য় শ্রেণির ১০ম গ্রেডভুক্ত প্রশাসনিক কর্মকর্তা ০১টি ও ব্যক্তিগত কর্মকর্তা ০৩টি পদসহ মোট ০৬টি শূন্যপদ পূরণে বিপিএসসি হতে সুপারিশ প্রদানের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অধিযাচন প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ পাবলিকসার্ভিস কমিশন কর্তৃক লাইব্রেরিয়ান পদে নিয়োগ পরীক্ষা

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	গ্রহণপূর্বক ফলাফল প্রকাশ করা হয়েছে। এছাড়া, ৫০তম বিসিএস থেকে জনবল নিয়োগের নিমিত্ত গত ২১-০৯-২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বিপিএসসিতে যোগাযোগ অব্যাহত রয়েছে। উল্লেখ্য, লাইব্রেরিয়ান ০১টি, সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার ০১টি ও ব্যক্তিগত কর্মকর্তা ০১টি পদের সুপারিশ পাওয়া গেছে।		
২.৩	**শ্রম সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়ন** শ্রম সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়ন ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, শ্রম সংস্কার কমিশন কর্তৃক প্রস্তাবিত সুপারিশসমূহের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাছাইকৃত অতি গুরুত্বপূর্ণ সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত অতি গুরুত্বপূর্ণ ২০টি সুপারিশের মধ্যে ১৯টি সুপারিশ ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। উক্ত সুপারিশসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন গত ২৪ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ RMS software-এর মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন সংস্কার কমিশন কর্তৃক প্রস্তাবিত সুপারিশ বাস্তবায়নের বিষয়ে ইতোমধ্যে সভা করা হয়েছে এবং সংশ্লিষ্টদের অবহিত করা হয়েছে। অতিরিক্ত সচিব (শ্রম) সভায় জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাছাইকৃত অতি গুরুত্বপূর্ণ সুপারিশসমূহের মধ্যে ১৪ নং সুপারিশ ‘রপ্তানিখাতসহ বৃহৎশিল্পে অগ্রাধিকার ভিত্তিক মানবাধিকার ঝুঁকি ও প্রভাব বিশ্লেষণে স্থায়ী পদ্ধতি প্রতিষ্ঠা’ দীর্ঘ মেয়াদে বাস্তবায়নযোগ্য। এ সুপারিশে মানবাধিকার শব্দটি উল্লেখ থাকায় এ ব্যাপারে শ্রম সংস্কার কমিশনের সাথে সভা করে আরো বিস্তারিত অবগত হয়ে বাস্তবায়ন করতে হবে। যুগ্মসচিব (শ্রম) জানান, রপ্তানিখাতসহ বৃহৎ শিল্পে অগ্রাধিকারভিত্তিক শ্রম অধিকারের ঝুঁকি ও প্রভাব বিশ্লেষণের জন্য একটি স্থায়ী ও প্রাতিষ্ঠানিক পদ্ধতি প্রণয়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের গবেষণা সেল কাজ করছে। সভাপতি শ্রম সংস্কার কমিশন কর্তৃক প্রস্তাবিত সুপারিশসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক শ্রম সংস্কার কমিশনের প্রস্তাবিত সুপারিশগুলোর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে ।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.৪	**গবেষণা সেলের কার্যক্রম** উপসচিব (শ্রম) জানান যে, রপ্তানিখাতসহ বৃহৎ শিল্পসমূহে অগ্রাধিকারভিত্তিক শ্রম অধিকার সংশ্লিষ্ট ঝুঁকি ও প্রভাব বিশ্লেষণের জন্য একটি স্থায়ী ও প্রাতিষ্ঠানিক পদ্ধতি প্রণয়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের গবেষণা সেলের নেতৃত্বে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এবং সরকারের সমন্বয়ে একটি ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভাপতি বলেন যে, রপ্তানিখাতসহ বৃহৎ শিল্পসমূহে শ্রম অধিকার সংশ্লিষ্ট ঝুঁকি ও সম্ভাব্য প্রভাব নিরূপণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি এ প্রেক্ষিতে রপ্তানিখাতসহ বৃহৎ শিল্পে অগ্রাধিকারভিত্তিক শ্রম অধিকার ঝুঁকি ও প্রভাব বিশ্লেষণ (Human Rights Risk and Impact Analysis) পরিচালনার জন্য একটি স্থায়ী ও	রপ্তানিখাতসহ বৃহৎ শিল্পসমূহে অগ্রাধিকারভিত্তিক শ্রম অধিকার ঝুঁকি ও প্রভাব বিশ্লেষণের জন্য একটি স্থায়ী ও প্রাতিষ্ঠানিক পদ্ধতি প্রতিষ্ঠার লক্ষ্যে মন্ত্রণালয়ের গবেষণা সেলের নেতৃত্বে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ও আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) সঙ্গে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপসচিব (শ্রম)

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা (Institutional Mechanism) প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। এ লক্ষ্যে প্রয়োজনীয় গবেষণা কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের গবেষণা সেলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।		
২.৫	**অভ্যন্তরীণ প্রশিক্ষণ** উপসচিব (প্রশিক্ষণ) সভায় জানান, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘন্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি আওতায় ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের জন্য ২৫ ঘণ্টার 'দক্ষতা নবায়ন প্রশিক্ষণ' সম্পন্ন হয়েছে। ১০-২০তম গ্রেডের কর্মকর্তা/ কর্মচারীদের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ (২৫ ঘণ্টা) ও আইসিটি বিষয়ক প্রশিক্ষণ (১০ ঘণ্টা) এ মন্ত্রণালয়ের নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে অথবা আরপিএটিসি-তে সম্পন্ন করা প্রয়োজন। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে; এবং (খ) কর্মকর্তা/কর্মচারীদের জন্য আয়োজিত 'দক্ষতা নবায়ন প্রশিক্ষণ'-এর একটি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতির কার্যক্রম চলমান।	(ক) ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণ, ওয়ার্কশপ এবং সেমিনার যথাসময়ে এবং সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সংশ্লিষ্ট শাখা/অধিশাখাকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং (খ) মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য আয়োজিত 'দক্ষতা নবায়ন প্রশিক্ষণ'-এর উপর একটি মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।	১. যুগ্মসচিব (প্রশিক্ষণ) ২.উপসচিব (প্রশিক্ষণ)
২.৬	**ডি-ফাইল বাস্তবায়ন কার্যক্রম** সিস্টেম এনালিষ্ট জানান, ▪সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী শতভাগ ডি-নথি ব্যবহারের লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল শাখায় প্রয়োজনীয় পত্র প্রেরণ করা হয়েছে। আইসিটি সেলে প্রাপ্ত অধিকাংশ পত্র ডি-নথি ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি করা হচ্ছে। অন্যান্য শাখা/অধিশাখার ডি-নথি ব্যবহারে কোনো কারিগরি সহায়তার প্রয়োজন হলে তা নিয়মিতভাবে প্রদান করা হচ্ছে। ▪ জানুয়ারি, ২০২৬ মাসে হার্ডফাইলে প্রাপ্ত সকল ডাক ফ্রন্ট ডেস্ক কর্তৃক শতভাগ আপলোড করে ডি-নথি ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। এ মাসে মোট ২৯টি শাখা/অধিশাখা হতে হার্ডফাইলের মাধ্যমে নথি নিষ্পন্নের তথ্য আইসিটি সেলে প্রেরণ করা হয়। ▪ প্রাপ্ত তথ্য অনুযায়ী জানুয়ারি, ২০২৬ মাসে ডি-নথির মাধ্যমে মোট ২৫৮টি নথি নিষ্পত্তি করা হয়েছে এবং হার্ডফাইলে কোনো নথি নিষ্পন্ন হয়নি। ফলে উক্ত মাসে ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তির হার শতভাগ (১০০%) অর্জিত হয়েছে। ▪ এ সংক্রান্ত অগ্রগতি নিয়মিতভাবে আইসিটি সেলকে অবহিত করা হচ্ছে। সভাপতি জানান, সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখায় প্রাপ্ত ডাক ও নথি যথাসম্ভব ডি-নথি ব্যবস্থার মাধ্যমে গ্রহণ, প্রক্রিয়াকরণ ও নিষ্পত্তি নিশ্চিত করতে হবে। তিনি শতভাগ ডি-নথি বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল শাখাকে নিয়মিতভাবে ডি-নথি ব্যবহার এবং প্রয়োজনীয় ক্ষেত্রে আইসিটি সেলের কারিগরি সহায়তা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	(ক) সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখায় ডাক ও নথি ডি-নথি ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি নিশ্চিত করতে এবং এ সংক্রান্ত অগ্রগতি নিয়মিতভাবে আইসিটি সেলকে অবহিত করতে হবে; এবং (খ) প্রাপ্ত নথির তথ্য ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সকল কর্মকর্তা
২.৭	**অডিট আপত্তি নিষ্পত্তি** যুগ্মসচিব (বাজেট) সভায় জানান, বাংলাদেশ ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের ২০২৩-২৪ সনের নিরীক্ষাকালে ১২টি অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য ব্রডশিট জবাব গত ২৫/০১/২০২৬ তারিখে সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তাছাড়া অধিক সংখ্যক দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার	(ক) আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে অডিট-আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ এবং অধিক সংখ্যক দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং	১.যুগ্মসচিব (বাজেট) ২.উপসচিব (বাজেট) ৩. উপসচিব (পরিকল্পনা) ৪.উপসচিব (সেবা)

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	আয়োজন করে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। (খ) মন্ত্রণালয়ের অডিট আপত্তিসমূহ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সফটওয়্যারে এন্ট্রিকৃত অডিট আপত্তির সাথে সমন্বয় করার জন্য সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে। মন্ত্রণালয়ের সামগ্রিক অডিট আপত্তির তথ্য নিম্নরূপ: মন্ত্রণালয় | অডিট আপত্তির সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ৩৭ | ১৪৩৯৩.০৭ | ৩২ | ৩৭ | ১৪৩৯৩.০৭ সভাপতি আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে অডিট-আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ এবং অধিক সংখ্যক দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন।	(খ) মন্ত্রণালয়ের অডিট আপত্তিসমূহ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সফটওয়্যারে এন্ট্রিকৃত অডিট আপত্তির সাথে সমন্বয় করতে হবে।	৫.হিসাবরক্ষণ কর্মকর্তা
২.৮	**বাজেট** যুগ্মসচিব (বাজেট) সভায় জানান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের ২০২৫-২৬ অর্থ-বছরের ২য় প্রান্তিক রাজস্বপ্রাপ্তি ও ব্যয়ের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। নির্বাচনী ইশতেহার ২০২৬ এর সাথে সমন্বয় সাধনের জন্য ২০২৬-২৭ অর্থবছরের মন্ত্রণালয়ের MBF এখনো চূড়ান্ত করা হয়নি। (খ) মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আওতাভুক্ত 'মোটরযান', 'কম্পিউটার ও আনুষঙ্গিক', 'অফিস সরঞ্জামাদি', 'আসবাবপত্র' এবং 'কম্পিউটার সফটওয়্যার' খাতে বাজেট বাস্তবায়নের হার বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হবে। সভাপতি, মন্ত্রণালয়ের সকল ব্যয় ও ক্রয় কার্যক্রম বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং Procurement Plan অনুসরণপূর্বক সম্পাদনের ওপর তিনি গুরুত্বারোপ করেন।	(ক) সকল ধরণের ব্যয় ও ক্রয় কার্যক্রম বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং Procurement Plan অনুযায়ী সম্পাদন করতে হবে এবং নিয়মিতভাবে Budget Management Committee (BMC)-র সভা আয়োজন করতে হবে; (খ) মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আওতাভুক্ত 'মোটরযান', 'কম্পিউটার ও আনুষঙ্গিক', 'অফিস সরঞ্জামাদি', 'আসবাবপত্র' এবং 'কম্পিউটার সফটওয়্যার' খাতে বাজেট বাস্তবায়নের হার বৃদ্ধি করতে হবে।	১.উপসচিব (বাজেট) ৩. উপসচিব (সেবা)
২.৯	**বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ (সংশোধিত ২০২২) সংশোধন** যুগ্মসচিব (আইন) সভায় জানান যে, বাংলাদেশ শ্রম (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে বিল আকারে উপস্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি উক্ত অধ্যাদেশের আলোকে বিধিমালা প্রণয়নের কার্যক্রমও শুরু করা হয়েছে। এ লক্ষ্যে শ্রমিক, মালিক ও সরকারের প্রতিনিধিদের সমন্বয়ে ১৭ (সতেরো) সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সভাপতি অগ্রাধিকারভিত্তিতে বাংলাদেশ শ্রম (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে বিল আকারে উপস্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	(ক) বাংলাদেশ শ্রম (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ জাতীয় সংসদের ১ম অধিবেশনে বিল আকারে উপস্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং (খ) বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত ২০২২) সংশোধনের কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত সম্পন্ন করতে হবে।	১.অতিরিক্ত সচিব (শ্রম) ২.যুগ্মসচিব (আইন) ৩.সিসস (আইন)

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১০	**প্যানেল আইনজীবী নিয়োগ** যুগ্মসচিব (আইন) সভায় জানান, মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ মামলাসমূহ সরকার পক্ষে পরিচালনার লক্ষ্যে বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। এ লক্ষ্যে 'প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি'-এর একটি সভা গত ২৮/০১/২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়, যেখানে মোট ২২ (বাইশ)টি আবেদন প্রাপ্ত হয়। পরবর্তীতে গত ০৮/০২/২০২৬ তারিখে 'প্রস্তাব মূল্যায়ন কমিটি'-এর সভা আহ্বান করা হলেও নির্বাচনকালীন সময়ের কারণে সদস্যগণ উপস্থিত থাকতে না পারায় উক্ত সভাটি স্থগিত করা হয়। এমতাবস্থায়, বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগ কার্যক্রমের পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে আগামী ০৩/০৩/২০২৬ তারিখে 'প্রস্তাব মূল্যায়ন কমিটি'-এর সভা আহ্বান করা হয়েছে।	মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ মামলাসমূহ সরকার পক্ষে পরিচালনার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (আইন)
২.১১	**কর্মসংস্থান অধিদপ্তর গঠন** যুগ্মসচিব (কর্মসংস্থান অধিশাখা) সভায় জানান যে, 'শ্রম ও কর্মসংস্থান অধিদপ্তর' গঠন বিষয়ে ৮.৯.২০২৫ তারিখে অনুষ্ঠিত প্রাক-নিকার কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যমান শ্রম অধিদপ্তরের কার্যপরিধিতে কর্মসংস্থান সংক্রান্ত কার্যাবলী অন্তর্ভুক্ত করে এবং জনবল কাঠামো সম্প্রসারণপূর্বক 'শ্রম ও কর্মসংস্থান অধিদপ্তর' গঠনের প্রস্তাব ৮.২.২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি 'শ্রম ও কর্মসংস্থান অধিদপ্তর' গঠন সংক্রান্ত মন্ত্রণালয়ের প্রস্তাবটি নিকার সভায় চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য 'মন্ত্রিপরিষদ বিভাগ'-এর সঙ্গে যোগাযোগ করার নির্দেশনা প্রদান করেন।	'শ্রম ও কর্মসংস্থান অধিদপ্তর' গঠন সংক্রান্ত মন্ত্রণালয়ের প্রস্তাবটি নিকার সভায় চূড়ান্ত অনুমোদনের লাভের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ করতে হবে।	১. অনুবিভাগ প্রধান (উন্নয়ন অনুবিভাগ) ২.যুগ্মসচিব (কর্মসংস্থান অধিশাখা)
২.১২	**অনিষ্পন্ন বিষয়** প্রাপ্ত অনিষ্পন্ন বিষয়সমূহ ছক অনুযায়ী সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা এবং দপ্তর/সংস্থায় কোনো বিষয় যাতে দীর্ঘদিন অনিষ্পন্ন না থাকে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন এবং অনিষ্পন্ন বিষয়ের তালিকা অনুবিভাগ প্রধানের অনুমতিক্রমে প্রেরণ করতে পরামর্শ প্রদান করেন।	(ক) প্রদত্ত ছক অনুযায়ী অনিষ্পন্ন তথ্য অনুবিভাগ প্রধানের মাধ্যমে প্রতিমাসের ৩ তারিখের মধ্যে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে; এবং (খ) অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তি ত্বরান্বিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধান তাঁদের দপ্তর এবং অধীনস্থ দপ্তর/সংস্থার সকল অনিষ্পন্ন বিষয় নিয়ে প্রতিমাসের ১ম সপ্তাহে সভা করবেন।	সকল অনুবিভাগ প্রধান
২.১৩	**সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী অধিশাখা/শাখা পরিদর্শন** সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) জানান, জানুয়ারি ২০২৬ মাসে কোন শাখা থেকে পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি। সভাপতি বলেন, সচিবালয় নির্দেশমালা ২০২৪ এর নির্দেশ ১৯৪ অনুযায়ী প্রত্যেক শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতি দুই মাসে ন্যূনতম একবার তাঁর শাখা পরিদর্শন করবেন। উপসচিব/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতি চার মাসে ন্যূনতম একবার, যুগ্মসচিব/অনুবিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং অতিরিক্ত সচিব/সচিব পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ যুক্তিসংগত সময় অন্তর শাখাগুলি আকস্মিকভাবে পরিদর্শন করতে পারবেন। আগামী সমন্বয় সভার পূর্বে প্রতি অনুবিভাগকে তাঁর অধীন একটি শাখা/অধিশাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে পরামর্শ প্রদান করেন।	(ক) সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী আগামী সমন্বয় সভার পূর্বে প্রতি অনুবিভাগকে তাঁর অধীন ন্যূনতম একটি শাখা/অধিশাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে এবং (খ) শাখা পরিদর্শনের প্রতিবেদন যাচাই করে অগ্রাধিকার ভিত্তিক সুপারিশ বাস্তবায়নে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল কর্মকর্তা

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১৪	**সিটিজেন চার্টার বাস্তবায়ন** সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা ২০২৫-২৬ যথাযথভাবে বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণ করা হচ্ছে।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.১৫	**তথ্য অধিকার** তথ্য অধিকার কর্মকর্তা সভায় জানান, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জানুয়ারি, ২০২৬ মাসে তথ্য প্রাপ্তি সংক্রান্ত কোনো আবেদন পাওয়া যায়নি। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রাপ্ত পত্রসমূহ যথাসময়ে নিষ্পত্তি করা হয়। সভাপতি প্রাপ্ত আবেদন যথাসময়ে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহ নিষ্পন্ন এবং প্রতিমাসে কতজনকে ও কী কী বিষয়ে তথ্য প্রদান করা হয়েছে তা সংক্ষিপ্তাকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	তথ্য অধিকার কর্মকর্তা
২.১৬	**অভিযোগ প্রতিকার ব্যবস্থা বা Grievance Redress System** ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, Grievance Redress System (GRS)-এ প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে এবং প্রতি মাসে মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করা হয়। উল্লেখ্য জানুয়ারি, ২০২৬ মাসে ২২ (বাইশ)টি অভিযোগ পাওয়া গেছে। অভিযোগগুলো শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সম্পর্কিত। সবগুলো অভিযোগই সংশ্লিষ্ট অধিদপ্তরে প্রেরণপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। সভাপতি প্রাপ্ত অভিযোগসমূহ যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নিষ্পত্তি এবং নিয়মিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	অভিযোগ প্রাপ্তির পর যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত নিষ্পত্তি এবং প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.১৭	**ই-সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন ও তথ্য বাতায়ন হালনাগাদকরণ** সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) সভায় জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরের ই-সার্ভিস কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন ডিজিটাল সেবা ও অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। নির্ধারিত কর্মপরিকল্পনা ও সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে পর্যবেক্ষণ করা হয় এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। তিনি আরও জানান যে, এ মন্ত্রণালয় কর্তৃক প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শ্রমিক এবং তাদের সন্তানদের শিক্ষা ও চিকিৎসাসহ বিভিন্ন ক্ষেত্রে আর্থিক সহায়তা প্রদান, শিশুশ্রম নিরসন কার্যক্রম জোরদারকরণ এবং শ্রমিকদের জন্য নিরাপদ ও শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম সরকার নির্ধারিত সামাজিক যোগাযোগ মাধ্যম ও ডিজিটাল প্ল্যাটফর্মে নিয়মিতভাবে প্রচার ও প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এর ফলে সংশ্লিষ্ট সেবাসমূহ সম্পর্কে জনগণের সচেতনতা বৃদ্ধি পাচ্ছে। সভাপতি উক্ত কার্যক্রমসমূহ আরও গতিশীল ও ব্যবহারবান্ধব করার লক্ষ্যে তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ রাখা, ই-সার্ভিসসমূহের প্রচার বৃদ্ধি এবং সংশ্লিষ্ট সকল শাখার সঙ্গে সমন্বয় জোরদার করার নির্দেশনা প্রদান করেন।	(ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে ই-সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন ও যথাসময়ে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে; (খ) মন্ত্রণালয়ের কার্যক্রম যথাযথভাবে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করতে হবে; এবং (গ) নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে।	১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ২. সিস্টেম এনালিস্ট
২.১৮	**সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি / Governance Performance Monitoring System (GPMS)** যুগ্মসচিব (বাজেট) সভায় জানান, GPMS-এর আওতায় সেকশন-২ নির্ধারিত সময়ের মধ্যে সফটওয়্যারে আপলোড করা হয়েছে এবং	GPMS বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্রের নির্দেশনা এবং এ সংক্রান্ত প্রণীত নির্দেশিকার আলোকে ২০২৫-	১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ২.উপসচিব (বাজেট)

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক GPMS -এর কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক GPMS -এর কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে নির্দেশনা প্রদান করেন।	২৬ অর্থবছরের এ মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত GPMS এর কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	
২.১৯	**বিবিধ** যুগ্মসচিব (শ্রম) সভায় জানান যে, 'মহান মে দিবস ও পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস–২০২৬' উদযাপন উপলক্ষ্যে প্রথম প্রস্তুতিমূলক সভা ২২-০১-২০২৬ তারিখ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। তিনি আরও জানান যে, আগামী ৩০-০৪-২০২৬ তারিখ মে দিবসের প্রস্তুতিমূলক অনুষ্ঠান এবং ০১-০৫-২০২৬ তারিখ মহান মে দিবসের মূল অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে দুই দিনব্যাপী ভেন্যু সংরক্ষণের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি 'মহান মে দিবস এবং পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস-২০২৬' উদযাপন উপলক্ষ্যে গঠিত কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিবদের নিয়ে আগামী ০৫/০৩/২০২৬ তারিখে সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন।	'মহান মে দিবস এবং পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস-২০২৬' উদযাপন উপলক্ষ্যে গঠিত কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিবদের নিয়ে আগামী ০৫/০৩/২০২৬ তারিখে সভা আয়োজন করতে হবে।	উপসচিব (শ্রম শাখা)

৩। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০৫/০৩/২০২৬
মোঃ আব্দুর রহমান তরফদার
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়